"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। ফোন: ৯২৯১১১২

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৮৯/ইনোভেশন (এপিএ)/২০২৩/৯৩৭৩

তারিখ: ০১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

## ২০তম সভার নোটিশ

২০২৩-২০২৪ অর্থ বছরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিমের **২০তম সভা** আগামী ২০.০৮.২০২৩ তারিখ, রবিবার, দুপুর ১২:০০ টায় ট্রেজারার মহোদয়ের গাজীপুরস্থ অফিস কক্ষে প্রফেসর মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি এবং সভাপতি ইনোভেশন টিম, বাউবি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসমূহ ঃ**

১. ২০.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৯তম সভার কার্যবিবরণী অনুসমর্থন।
২. ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে ইউজিসিতে প্রেরণ সম্বন্ধে সকলকে অবহিতকরণ।
৩. ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য সরকার কর্তৃক নির্ধারিত বাউবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আলোচনা ও নির্দেশনা প্রদান ।
   কার্যক্রম [১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।
   কার্যক্রম [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা।
   কার্যক্রম [৩.১] ইনোভেশন শোকেসিং।
   কার্যক্রম [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি।
   কার্যক্রম [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত।
   কার্যক্রম [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কর্মশালা আয়োজন।
৪. বিবিধ।

উক্ত সভায় টিমের সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নির্দেশক্রমে,

16/08/23
নার্গিস আখতার
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম, বাউবি।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সংশ্লিষ্ট নথি।

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**Bangladesh Open University**

গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

## ইনোভেশন টিমের ২০তম সভার কার্যবিবরণী

সভাপতি : প্রফেসর মোস্তফা আজাদ কামাল
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি।

সভার তারিখ : ২০ আগষ্ট, ২০২৩

সভার সময় : দুপুর ১২:০০ ঘটিকা ।

স্থান : বাউবি'র ট্রেজারার মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট - 'ক'।

### ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪

| ক্রম | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ০১ | [১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত। | তারিখ | ১০ | ১৬/০৩/২৪ | ২৩/০৩/২৪ | ৩০/০৩/২৪ | ০৬/০৪/২৪ | ১৩/০৪/২৪ |
| ০২ | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা। | [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত / ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা। | সংখ্যা | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - |
| ০৩ | [৩.১] ইনোভেশন শোকেসিং | [৩.১.১] আওতাধীন অফিস সমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত। | তারিখ | ৮ | ০৯/০৫/২৪ | ১৬/০৫/২৪ | ২৩/০৫/২৪ | ৩০/০৫/২৪ | ০৮/০৬/২৪ |
| ০৪ | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | % | ৮ | ৮০% | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% |
| ০৫ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (নিয়মিতভাবে) | সংখ্যা | ৭ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - |
| ০৬ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কর্মশালা আয়োজন। | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত । | সংখ্যা | ৫ | ২ | - | ১ | - | - |
| | | [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত | তারিখ | ৪ | ২৫/০৩/২৪ | ০৮/০৪/২৪ | ১৫/০৪/২৪ | ২২/০৪/২৪ | ২৯/০৪/২৪ |

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে সকল সদস্যকে স্বাগত জানিয়ে ইনোভেশন টিমের সদস্য সচিবকে সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সদস্য সচিব সভার সভাপতি মহোদয় এবং সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে পর্যায়ক্রমে সব আলোচ্যসূচী সভায় উপস্থাপন করেন। প্রতিটি আলোচ্যসূচী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রম নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ২০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৯তম সভার কার্যবিবরণী অনুসমর্থন। | ২০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৯তম সভার কার্যবিবরণী অনুসমর্থনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ২০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৯তম সভার কার্যবিবরণী অনুসমর্থিত হয়েছে। |
| ২. | ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে ইউজিসিতে প্রেরণ সম্বন্ধে সকলকে অবহিতকরণ। | ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে ইউজিসিতে প্রেরণ করা হয়েছে মর্মে ইনোভেশন টিমের সদস্য সচিব সকলকে অবগত করেন। | সকলে অবগত হন। |
| ৩. | ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য সরকার কর্তৃক নির্ধারিত বাউবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আলোচনা ও নির্দেশনা প্রদান। | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম ০১ এর কার্যক্রম [১.১] এর কর্মসম্পাদন সূচক [১.১.১] একটি সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজীকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত করার ক্ষেত্রে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্র বাউবির ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট প্রণয়নের সময় যে সকল বার্ষিক কর্মপরিকল্পনা উপস্থাপন করেছিল সেগুলো থেকে গুরুত্বপূর্ণ ও বাস্তবায়নযোগ্য উদ্ভাবন কর্মপরিকল্পনা বাছাই করে বাস্তবায়নের জন্য সকল স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্রকে নিয়ে সভা করার বিষয়ে আলোচনা হয়। | Activity Plan ও সিটিজেন চার্টার থেকে উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাছাই করার জন্য নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি উপ-কমিটি গঠন করা হয়।<br>১. ড. শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি-- সভাপতি;<br>২. ডাঃ সরকার মোঃ নোমান., অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি --সদস্য;<br>৩. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি-- সদস্য;<br>৪. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, এসওবি, বাউবি, -- সদস্য।<br>৫. নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি -- সদস্য সচিব; |
| | | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম- ০২ এর কার্যক্রম [২.১] এর কর্মসম্পাদন সূচক [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা বলতে কি বুঝানো হয়েছে এবং এর কর্মসম্পাদন সূচকের মান কিভাবে বিবেচিত হবে এ নিয়ে আলোচনা হয়। | এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য ইউজিসি এর সাথে আলোচনা করার ব্যাপাারে সিদ্ধান্ত হয়। |
| | | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম- ০৩ এর কার্যক্রম [৩.১] এর কর্মসম্পাদন সূচক [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত এর ব্যাপারে আলোচনা হলে সভার সকলে মনে করেন যে এটি সম্পূর্ণ নতুন একটি বিষয়। সুতরাং এটার বিষয়ে সকল সদস্যকে চিন্তা ভাবনার মাধ্যমে একটি ফলপ্রসু কাজ সম্পন্ন করার বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করেন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ প্রদত্ত নির্দিষ্ট ডেডলাইনের মধ্যে কাজটি সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য একটি উপ-কমিটি গঠন করা হয়। | ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এর করণীয় বিষয় নির্ধারণের জন্য নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি উপ-কমিটি গঠন করা হয়।<br>১. ডাঃ সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসর্টি, বাউবি --- সভাপতি;<br>২.ড. শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি --সদস্য;<br>৩.ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি-- সদস্য;<br>৪. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক,এসওবি,বাউবি -- সদস্য।<br>৫. নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি-- সদস্য সচিব; |

| | | | |
|---|---|---|---|
| | | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম-০৪ এর কার্যক্রম [৪.১] এর কর্মসম্পাদন সূচক [৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত এর ব্যাপারে আলোচনায় UGC কর্তৃক বাউবি'তে ই-নথি/ডি-নথি বিষয়ক কর্মশালা শেষে UGC বাউবি'র কাছে যে Organogram চেয়েছে তা প্রশাসনের সাথে আলোচনা করে দ্রুত দেয়ার ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যাতে করে বাউবি'তে দ্রুত ই-ফাইলিং এর ব্যবস্থা করা যায়। | ই-ফাইলিং চালুকরণের জন্য UGC থেকে চাহিদাকৃত Organogram দ্রুত পাঠানোর ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসনের সাথে আলোচনা করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম-০৫ এর কার্যক্রম [৫.১] এর কর্মসম্পাদন সূচক [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (নিয়মিতভাবে) এর আলোচনায় তথ্য বাতায়ন পূর্বের মতই হালনাগাদ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>[৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ এর ক্ষেত্রে কি ধরণের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য একটি উপ-কমিটি গঠন করা হয়। | অফিস সমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের জন্য নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি উপ-কমিটি গঠন করা হয়।<br>১. মোঃ মাসুম বিল্লাহ,পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি --- সভাপতি;<br>২. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি -- সদস্য;।<br>৩.নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি -- সদস্য সচিব; |
| | | সরকার কর্তৃক প্রদত্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রম- ০৬ এর কার্যক্রম [৬.১] এর কর্মসম্পাদন সূচক [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত এর বিষয়ে আলোচনায় আগামী নভেম্বর'২৩ এবং মে'২৪ এর মধ্যে ০২ টি কর্মশালা আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২টি কর্মশালা আগামী নভেম্বর'২৩ এবং মে'২৪ এর মধ্যে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন এর জন্য ড. শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড কে সভাপতি করে ০১টি উপ-কমিটি গঠন করার বিষয়ে সভাপতি মহোদয় মতামত প্রদান করেন। এই মতামতের সাথে সভার সকল সদস্য একমত পোষন করেন। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি উপ-কমিটি গঠন করা হয়।<br>১. ড. শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি --- সভাপতি;<br>২. ডাঃ সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি --সদস্য;<br>৩. ড.আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি -- সদস্য;<br>৪. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, এসওবি ,বাউবি --সদস্য।<br>৫. নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি -- সদস্য সচিব; |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( প্রফেসর মোস্তফা আজাদ কামাল)
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৮৯/ইনোভেশন (এপিএ)/২০২৩/৯৬৯৪

তারিখঃ ১৫ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

30/08/23
(নার্গিস আখতার)
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

"শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ"

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। ফোন: ৯২৯১১১২

## ইনোভেশন টিমের ২০তম সভার উপস্থিতিপত্র

**তারিখ ঃ ২০/০৮/২০২৩; বার ঃ রবিবার; সময় ঃ দুপুর ১২:০০টা**

| ক্রম. | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি। | |
| ২. | প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি। | ২০/৮/২০২৩ |
| ৩. | প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি | 20.8.23 |
| ৪. | জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি। | |
| ৫. | সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরী এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি। | |
| ৬. | ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি। | |
| ৭. | নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি। | |
| ৮. | আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি। | |
| ৯. | নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি। | 20/08/23 |

২০/৮/২০২৩

প্রফেসর মোস্তফা আজাদ কামাল
সভাপতি, ইনোভেশন টিম
ও
মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি বাউবি

## ইনোভেশন টিমের ২০তম সভার স্থিরচিত্র

